

রাংগামাটি পার্বত্য জেলায় যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তরের চুক্তিনামা।

৩১

যেহেতু রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নং আইন, যা ১৯৯৮ সনের ৯ নং আইন দ্বারা সংশোধিত) এর ধারা ২২ ও ২৩ (ন) এবং রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (সংশোধন) আইন, ১৯৯৮ এর ১ম তফসিলের ২৭ নং ক্রমিকে উল্লেখিত কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত সরকার নিম্নবর্ণিত শর্তে রাংগামাটি পার্বত্য জেলায় যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি, জনবল ও পরিসম্পদ রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করতে ইচ্ছা প্রকাশ করেছেন; এবং

যেহেতু সরকার ও রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের মধ্যে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ রাংগামাটি পার্বত্য জেলায় অবস্থিত যুব উন্নয়ন কার্যালয় এর জনবল ও পরিসম্পদ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে নিতে সম্মত হয়েছে;

সেহেতু সরকার উপরিউক্ত আইনের ২৩ (খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের সম্মতিক্রমে রাংগামাটি পার্বত্য জেলায় অবস্থিত যুব উন্নয়ন কার্যালয় এর বিষয়াদি জনবল ও পরিসম্পদসমূহ প্রদত্ত শর্ত সাপেক্ষে রাংগামাটি পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনায় ও নিয়ন্ত্রণে হস্তান্তর করলেনঃ

(ক) কার্যাবলীঃ

- (১) বিভিন্ন বিষয়ে যুবদের দক্ষতাবৃদ্ধি মূলক প্রশিক্ষণ দান;
- (২) প্রশিক্ষণান্তে আশ্রমকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও যুব ঋণ সহায়তাদান;
- (৩) ভূমিহীন ও বেকার জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন কর্মসূচি;
- (৪) যুবদের নেতৃত্ব বিকাশ ও মানবীয় গুণাবলী অর্জন কর্মসূচি;
- (৫) পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য যুবদের উদ্বুদ্ধকরণ;
- (৬) যুব সংগঠনসমূহকে গোষ্ঠী উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্তকরণ কর্মসূচি;
- (৭) পরিবার কল্যাণ ও জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রমে যুবদের নিয়োজিতকরণ;
- (৮) স্থানীয় উন্নয়ন কর্মকাণ্ডে এবং লিফট গ্রহণ প্রক্রিয়ার যুবদের অংশগ্রহণের সুযোগদান।

(খ) জনবলঃ

উপপরিচালক, যুব উন্নয়ন কার্যালয় রাংগামাটি জেলা এবং উক্ত কার্যালয়ের অধীন প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলানবুহের সকল কর্মকর্তা ও কর্মচারী।

(গ) বেতন- জাতাসহ সকল স্বায়ঃ

রাজস্ব ও উন্নয়ন খাতের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন, জাতাসহ কার্যালয় সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ এর নিবন্ধিত যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয় কর্তৃক মাস্ত করা হ'ল।

(ঘ) নিয়োগ, বদলি ও শৃংখলাঃ

রাংগামাটি পার্বত্য জেলা পরিষদ ওয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পদে পরিষদের বিধি/প্রবিধান অনুযায়ী নিয়োগ, আন্তঃউপজেলা বদলি, পদোন্নতি এবং শৃংখলামূলক ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করতে পারবেন। পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী শ্রেণিতে নিয়োজিত বলে গণ্য হবেন এবং প্রচলিত সরকারি বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবেন। যুব উন্নয়ন অধিদপ্তর রাংগামাটি জেলা পরিষদ এলাকার কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীকে পরিষদের এলাকার বাইরে বদলি করতে পারবেন।


(ঙ) ছুটিঃ


(১) নৈমিত্তিক ছুটি

জেলা পরিষদের চেয়ারম্যান এবং চেয়ারম্যান এর অনুপস্থিতিতে তাঁর দ্বারা ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিম্ন পর্যায়ের কোন কর্মকর্তা হবেন না) উপপরিচালক এর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উপপরিচালক বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন।

(২) অর্জিত ছুটি ও অন্যান্যঃ

সরকারের বিদ্যমান ছুটি বিধিমালা প্রযোজ্য হবে। সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজ-পত্র জেলা পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।





(পরবর্তী পৃষ্ঠা-২ হঃ)

